

আন্তর্জাতিক

যমজ ভাইয়ের সঙ্গে যমজ বোনের বিয়ে, পুরোহিতও যমজ

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

বিয়ে মানুষের জীবনের অন্যতম স্মরণীয় দিন। তবে এ দিনের কিছু ঘটনা সেই স্মৃতিকে আরও বিশেষ করে তোলে। এবার সামনে এসেছে তেমনই একটি ব্যতিক্রমী ঘটনা। যমজ দুই ভাইয়ের সঙ্গে যমজ দুই বোনের বিয়ে হয়েছে। তাদের বিয়ের আনুষ্ঠানিকতাও সম্পন্ন করেছেন দুই যমজ পুরোহিত। ভারতের কেরালা রাজ্যে এমন ঘটনা ঘটেছে। শনিবার (১ আগস্ট) এনডিটিভির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, বৃহস্পতিবার চাঙ্গানাসেরি মেট্রোপলিটন চার্চে এ বিয়ের আয়োজন করা হয়। এ সময় অখিল কে থমাসের সঙ্গে ম্যাগি মেরি থমাসের এবং যমজ ভাই নিখিল কে থমাসের সঙ্গে ম্যাগির যমজ বোন মারিয়া মেরি থমাসের বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, বিয়ের প্রতিটি পর্বে যমজরা অংশ নিয়েছেন। এতে পুরো আয়োজনটি আরও ব্যতিক্রমী হয়ে উঠেছে। অনুষ্ঠানের পুরোহিত ও বেদি-সহায়করাও ছিলেন যমজ।

বিয়ের এ আয়োজন কেবল কোনো আনুষ্ঠানিকতা ছিল না। এটি ছিল দুই পরিবারের বহু বছরের লালিত একটি স্বপ্নের বাস্তবায়ন। পাত্র অখিল ও নিখিল চাঙ্গানাসেরির ভেটুপারম্বিল এলাকার কুঞ্জুমন থমাস ও জোমলের যমজ সন্তান। আর পাত্রী ম্যাগি ও মারিয়া পাথানামথিটা জেলার কুম্বলুভেলিলের কুলাথুর এলাকার টমিচান ও মেরিকুটির যমজ কন্যা।

অনুষ্ঠানটির আরেকটি উল্লেখযোগ্য দিক ছিল, কাজিরাপল্লি ডায়োসিসের যমজ যাজক ফাদার আন্তো পেজুমকাটিল এবং ফাদার আজো পেজুমকাটিল এ বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন। এ সময় বেদীতে তাদের সহায়তা করেন পালারের যমজ ভাই জেরন জেমস ও জোহন জেমস।

এনডিটিভি জানিয়েছে, বিয়ের প্রতিটি আয়োজনে যমজদের অংশগ্রহণ কোনো কাকতালীয় ঘটনা ছিল না। যমজ বোনেরা নিজেরাই যমজ যাজকদের সন্ধান করেছিলেন এবং শেষ পর্যন্ত কোঠানাল্লুরের একটি গির্জায় তাদের খুঁজে পান।

যমজ দুই বোন বলেন, যমজদের মধ্যে বিয়ে করার স্বপ্ন আমাদের ছোটবেলা থেকেই ছিল। আমাদের বাবা-মা ও পরিবারের সদস্যরাও এটি চেয়েছিলেন। যিশু খ্রিস্টই তা সম্ভব করেছেন। আমরা যখন যাজকদের আমন্ত্রণ জানাই, তারা সঙ্গে সঙ্গেই আসতে রাজি হয়ে যান।

পুরোহিতরাও অনুষ্ঠানটিকে চিরস্মরণীয় হিসেবে উল্লেখ করেছেন। তারা বলেন, যমজদের বিয়ে পড়ানো খুবই বিশেষ একটি ঘটনা। এটি আমাদের আজীবন মনে থাকবে। এই আয়োজন আমাদের ভালোবাসা ও একাত্মতার কথা মনে করিয়ে দেবে।

প্রতিবেদনে বলা হয়েছে, দুই ভাই মার্চেন্ট নেভিতে কর্মরত। আর যমজ দুই বোন তথ্যপ্রযুক্তি (আইটি) খাতে কাজ করছেন।

সূত্র: এনডিটিভি

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত নিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ
জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার
দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



ছতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করেছে র...